# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৬০১

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (كتاب الدعوات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ লা হাওলা ওয়া কুওওয়াতা ইল্লা বিল্লাহ - এর ফযীলত

## باب فَضْلِ لاَ حَوْلَ وَلاَ قُوَّةَ إِلاَّ بِاللَّهِ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّثَنَا أَبُو خَالِدٍ الأَحْمَرُ، عَنْ هِشَامِ بْنِ الْغَازِ، عَنْ مَكْحُولٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ لِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " أَكْثِرْ مِنْ قَوْلِ لاَ حَوْلَ وَلاَ قُوَّةَ إِلاَّ بِاللَّهِ فَإِنَّهَا كَنْزٌ مِنْ كُنُوزِ الْجَنَّةِ " . قَالَ مَكْحُولٌ فَمَنْ قَالَ لاَ حَوْلَ وَلاَ قُوَّةَ إِلاَّ بِاللَّهِ وَلاَ مَنْجَا مِنَ اللَّهِ إِلاَّ إِلَيْهِ . كَشَفَ عَنْهُ سَبْعِينَ بَابًا مِنَ الضُّرِّ أَدْنَاهُنَّ الْفَقْرُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ لَيْسَ إِسْنَادُهُ بِمُتَّصِلٍ . مَكْحُولٌ لَمْ يَسْمَعْ مِنْ أَبِي هُرَيْرَةَ .

বাংলা

৩৬০১. আবূ কুরায়ব (রহঃ) ...... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেছেনঃ (لاَ حَوْلَ وَلاَ قُوَّةَ إِلاَّ بِاللَّهِ) দু'আটি বেশী করে পাঠ করবে, এ হল জান্নাতের সঞ্চয়-ভান্ডার।

মাকহুল (রহঃ) বলেনঃ (لاَ حَوْلَ وَلاَ قُوَّةَ إِلاَّ بِاللَّهِ) দু'আটি যে ব্যক্তি পাঠ করবে, তার জন্য সত্তরটি অনিষ্টের দ্বার রুদ্ধ করে দেওয়া হবে। সর্বনিম্ন দরওয়াজাটি হল দারিদ্র।

মাকহুলের উক্তি ....فَمَنْ قَالَ এই অংশ ব্যাতিত হাদিসটি সহিহ। কেননা ঐ অংশ মাকতু' সহীহাহ ১০৫, ১৫২৮, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৬০১ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন) হাদীসটির সনদ মুত্তাসিল নয়। মাকহূল (রহঃ) সরাসরি আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে কিছু শুনেন নি।

## English

Abu Hurairah said:

“The Messenger of Allah (ﷺ) said to me: ‘Be frequent in saying: “There is no might or power except by Allah, (Lā ḥawla wa lā quwwata illā billāh).” For verily, it is a treasure from the treasures of Paradise.’”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=39003

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন